

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭১

১৪. মানত ও শপথ অধ্যায় (كتاب النذور والأيمان)

পরিচ্ছেদঃ ১. নযর বা মানত পূরণ করা

بَابُ الْوَفَاءِ بِالنَّذْرِ

আরবী

أَخْبَرَنَا سَهْلُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي بَشْرِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ
امْرَأَةً نَذَرَتْ أَنْ تَحُجَّ فَمَاتَتْ فَجَاءَ أَخُوهَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلَهُ
عَنْ ذَلِكَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْ كَانَ عَلَيْهَا دَيْنٌ كُنْتَ قَاضِيَهُ قَالَ
نَعَمْ قَالَ فَاقْضُوا اللَّهَ فَإِنَّهُ أَحَقُّ بِالْوَفَاءِ

বাংলা

২৩৭১. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন যে, এক মহিলা হাজ্জের মানত করেছিল। কিন্তু সে মারা গেলো। তখন তার ভাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বিষয়টি সম্পর্কে তাঁকে জিজ্ঞেস করলো। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “তার ওপর কোন ঋণ থাকলে তবে কি তুমি তা আদায় করতে না? লোকটি বলল, হ্যাঁ। তিনি বললেনঃ “কাজেই আল্লাহর হককে আদায় করে দাও। কেননা, আল্লাহর হক আদায় করা আরো বড় কর্তব্য।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: এটি ১৮০৯ নং এ গত হয়েছে। এছাড়াও, ইবনুল জারুদ, আল মুনতাক্বা নং ৫০১, ৯৪২। ((বুখারী, আইমান ওয়ান নুযূর ৬৬৯৯; মুসলিম, সিয়াম ১১৪৮))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82654>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন